

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা অহম্মদুল হোসেন মাসিক মিয়া

চট্টগ্রামে গোড়াউন থেকে বিনামূল্যের পাঠ্যবই জন্ড

🕒 ১২ মার্চ, ২০১৮ ইং ০০:০০ মিঃ

লাইব্রেরির মালিক আটক

চট্টগ্রাম অফিস

পতেঙ্গায় একটি লাইব্রেরির গোড়াউন থেকে বিপুল পরিমাণ সরকারি বিনামূল্যের পাঠ্যবই ও নকল গাইড জন্ড করেছে পুলিশ। এ সময় লাইব্রেরির মালিক কবির হোসেনকে (৩২) আটক করা হয়। গত শনিবার গভীর রাতে নগরীর পতেঙ্গা থানার স্টিল মিল বাজার এলাকায় ছাত্রবন্ধু লাইব্রেরির গোড়াউনে এই অভিযান চালানো হয়।

পতেঙ্গা থানা পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে ছাত্রবন্ধু লাইব্রেরির গোড়াউনে অভিযান চালানো হয়েছে। অভিযানে প্রথম শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত বিনামূল্যের বিপুল পরিমাণ পাঠ্যবই, পাঞ্জেরি, লেকচার, অ্যাডভান্সসহ বিভিন্ন প্রকাশনীর নকল গাইড জন্ড করা হয়। জন্ডকৃত বইয়ের দাম আনুমানিক ৬০ লাখ টাকা।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত